সংবাদ

তারিখ ..23 DEC 2016...
পৃষ্ঠা ...2... কলাম ...1-6...

# বিশ্বায়নের যুগে প্রযুক্তি ও মানবসম্পদের সম্ভাবনার দরজা খুলে দিয়েছে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'বিশ্বায়নের যুগে প্রযুক্তি ও মানবসম্পদ অপার সম্ভাবনার দরজা খুলে দিয়েছে। দেশের সামগ্রিক উন্নয়নে এ সুযোগকে কাজে লাগাতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে দক্ষ মানবসম্পদ তৈরি করতে হবে। এজন্য শিক্ষক ও শিক্ষাদান পদ্ধতির গুণগতমান বাড়ানো প্রয়োজন। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোকে বিশ্বমান অর্জন করতে হবে।'

শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব)-এর সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। মন্ত্রী আরও বলেন, বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞান চর্চা, গবেষণা ও নতুন জ্ঞান অনুসন্ধানের সার্বিক উদ্যোগ গ্রহণ করতে হবে। শিক্ষার পরিবেশ, মান, সিলেবাস, পাঠদান পদ্ধতিসহ সকল ক্ষেত্রে বিশ্বমান অর্জন করতে হবে। আর তাহলেই নতুন প্রজন্মকে মানবসম্পদে পরিণত করা সম্ভব।

বিজ্ঞানমনস্ক যুগোপযোগী শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধসম্পন্ন ও দেশপ্রেমে উজ্জীবিত মানুষ হিসেবে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে মন্ত্রী বলেন, 'শিক্ষার্থীদের অর্জিত জ্ঞান দেশ, জাতি ও মানুষের কল্যাণে ব্যবহার করতে হবে।'

শিক্ষামন্ত্রী বলেন, 'একদল স্বাধীনতাবিরোধী কুচক্রী বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের সন্ত্রাস ও জঙ্গি কার্যক্রমের সাথে জড়িয়ে তাদের ধ্বংসের মুখে ঠেলে দিচ্ছে। এ ব্যাপারে শিক্ষক-অভিভাবকদের সজাগ দৃষ্টি রাখতে হবে।'

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক অ্যাডভোকেট সুলতানা কামাল। অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান, ইউল্যাবের ভাইস চ্যান্সেলর প্রফেসর ইমরান রহমান এবং বোর্ড অব ট্রাস্টিজের ভাইস প্রেসিডেন্ট কাজী আনিস আহমেদ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।